

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৬.২৯.০৮৭.১৫-১০০


তারিখ : ০৫.০৪.২০১৬ খ্রিঃ

বিষয় : সার্বিক যুব কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা শীর্ষক কর্মশালায় অংশ গ্রহণ প্রসংগে।

সূত্র : : নং- ৩৪.০১.০০০০.০২৬.২৯.০৮৭.১৫-৫০০, তারিখ : ০৫/০১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে ২০১৫-২০১৬ অর্থবছরে মার্চ/২০১৬ পর্যন্ত বাস্তবায়িত সার্বিক কর্মকাণ্ডের অগ্রগতি নিয়ে এক কর্মশালা আগামী ১২/৪/২০১৬ খ্রিঃ তারিখ যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় তাঁর কার্যালয় ও আওতাধীন উপজেলা কার্যালয়ের মার্চ/২০১৬ পর্যন্ত সকল কার্যক্রমের তথ্যাদি কর্মশালায় উপস্থাপনের নিমিত্ত ০৭/৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বাস্তবায়ন শাখায় প্রেরণের জন্য এবং কর্মশালার দিন সাথে আনার জন্য নির্দেশ প্রদান করা হলো। কর্মশালায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, কর্মশালায় অংশ গ্রহণের জন্য ১২/৪/২০১৬ খ্রিঃ তারিখ সকাল ৮.৩০ মিঃ সম্মেলন কক্ষ, যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকায় হালনাগাদ তথ্যসহ রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯।

প্রাপক :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
- ০২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, -----।

বিতরণ :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক, -----(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাঁকে আদেশটি Web Site এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। অফিস কপি।